

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৬৫.০৩২.০৬.০০২.২০১৭-২৮৩

তারিখ: ২৩-১০-২০১৮ খ্রি:


বিষয়: অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি) ওপি'র ২০১৮-২০১৯ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের প্রকিউরমেন্ট প্লান (গুডস)'র
আসবাবপত্রের আইটেমসমূহ সরাসরি ক্রয় পদ্ধতিতে (ডিপিএম) ক্রয়ের প্রশাসনিক অনুমোদন

সূত্রঃ স্মারক নং-স্বাস্থ্য/এএমসি/প্রকিউরমেন্ট/আসবাবপত্র/২০১৮-২০১৯/৩১৪৫, তা-১৪-১০-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি) এর প্রস্তাব মোতাবেক
উক্ত ওপি'র ২০১৮-২০১৯ অর্থ বছরে জিওবি (উন্নয়ন) খাতের প্রকিউরমেন্ট প্লান (গুডস) এর ১৫টি আইটেমের মধ্যে ক্রমিক নং-৩,
১৯, ২৬, ১২০ ও ১২৫ নং আইটেমসমূহ অর্থাৎ আসবাবপত্র (সরকারী প্রতিষ্ঠান বাংলাদেশ বন শিল্প কর্পোরেশন/বাংলাদেশ ডিজেল
প্লান্ট/বি.এম.টি.এফ/ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ লিঃ অথবা যে কোন সরকারি প্রতিষ্ঠান হতে) সরাসরি ক্রয় পদ্ধতিতে
(ডিপিএম) ক্রয়ে নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর বিদ্যমান বিধি-বিধান সকল আর্থিক
বিধি বিধান যথাযথ অনুসরণ করতে হবে;
- (খ) প্রস্তাবিত প্যাকেজের ক্রমিক নং-৩, ১৯, ২৬, ১২০ ও ১২৫ নং আইটেম (আসবাবপত্র) ডিপিএম পদ্ধতিতে ক্রয়ের
ক্ষেত্রে পিপিআর-২০০৮ এর বিধি ৭৪-৭৬ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (গ) ডিপিএম পদ্ধতিতে ক্রয়ের ক্ষেত্রে সরকারী প্রতিষ্ঠান হতে ক্রয় করতে হবে (ফার্মিচার ক্রয়ের ক্ষেত্রে বাংলাদেশ বন
শিল্প কর্পোরেশন/বাংলাদেশ ডিজেল প্লান্ট/বি.এম.টি.এফ/ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ লিঃ অথবা যে কোন
সরকারি প্রতিষ্ঠান)
- (ঘ) বণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্কারকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার দরের সাথে
সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (ঙ) কোনক্রমেই অনুমোদিত ওপিতে সংস্কারকৃত মূল্যের অতিরিক্ত ব্যয় করা যাবে না;
- (চ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্কার থাকতে হবে;
- (ছ) ক্রয় প্রক্রিয়ায় কোন অনিয়ম সংগঠিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন।


(হাসান মাহমুদ)

উপসচিব

ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্ট
অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে
প্রকাশের অনুরোধসহ)।